গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯১.০০১.২২-২৬৬

তারিখ : ১৬ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

# "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড"-২০২৩ এর বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের তত্ত্বাবধানে সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড"-২০২৩ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে চলতি ২০২২-২০২৩ অর্থবছরে উল্লিখিত ০৫টি ক্যাটাগরিতে যুবদের পুরস্কার প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী নির্ধারিত আবেদন ফরমে সরাসরি দরখাস্ত আহবান করা যাচ্ছে :

## পুরস্কার ক্যাটাগরির নাম

| ক্রমিক নং | ক্যাটাগরির নাম | পুরস্কার সংখ্যা | পুরস্কারের ধরণ (প্রতিটির ক্ষেত্রে) |
|---|---|---|---|
| ১. | যুব উন্নয়ন ও কর্মসংস্থানে অসাধারণ অবদানের জন্য | ০৩(তিন)টি | প্রতিটি পুরস্কার নগদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা/প্রাইজবন্ড, একটি সম্মাননা ক্রেস্ট এবং একটি সার্টিফিকেট |
| ২. | শিক্ষা, বিজ্ঞান, তথ্য প্রযুক্তি, কারিগরির ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য | ০৩ (তিন)টি | |
| ৩. | দেশ প্রেম, বীরত্ব ও সাহসিকতার ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য | ০৩(তিন)টি | |
| ৪. | জ্যেষ্ঠদের প্রতি আদর্শ সেবা/ সমাজকল্যাণে অসাধারণ অবদানের জন্য | ০৩ (তিন)টি | |
| ৫. | ক্রীড়া, কলা ও সংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদানের জন্য | ০৩ (তিন)টি | |

## আবেদনের শর্তাবলী

১. আবেদনকারীকে অবশ্যই ১৮ হতে ৪৫ বছরের বয়সসীমার নারী-পুরুষ নির্বিশেষে বাংলাদেশের নাগরিক হতে হবে।

২. অলাভজনক, অরাজনৈতিক এবং অবৈতনিকভাবে স্বেচ্ছাসেবক হিসেবে.সেবা ও উন্নয়নমূলক কর্মে নিয়োজিত যুবরাই এ পুরস্কারের যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

৩. আগ্রহী যুবগণকে স্ব স্ব উপজেলা কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন দাখিল করতে হবে। তবে মহানগরীর ক্ষেত্রে (যেখানে উপজেলা কার্যালয় নেই) সরাসরি জেলা কমিটির সভাপতি হিসেবে জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে।

৪. উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক ও যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়ে আবেদন দাখিল করা যাবে। এ ছাড়া ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মহানগরীর ক্ষেত্রে জেলা প্রশাসক ও যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়ে আবেদন দাখিল করা যাবে।

৫. আবেদনের সাথে দাখিলকৃত প্রোফাইলের বিষয়ে ০২ (দুই) জন বিশিষ্ট ব্যক্তির প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। বিশিষ্ট ব্যক্তি বলতে-মাননীয় সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়র, প্রথম শ্রেণি গেজেটেড কর্মকর্তা, উপজেলা পরিষদের চেয়ারম্যান, পৌরসভার মেয়র এবং আধাসরকারি/স্বায়ত্বশাসিত/রাষ্ট্রায়ত্ব সংস্থায় জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডে কর্মরত কর্মকর্তাগণকে বুঝাবে।

৬. একজন আবেদনকারী কেবলমাত্র একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন।

৭. ফৌজদারি মামলায় দন্ডিত কোন ব্যক্তি এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৮. সমাজ বা রাষ্ট্র বিরোধী কাজে লিপ্ত কোন যুব এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৯. ঋণখেলাপি কোন ব্যক্তি এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

১০. চূড়ান্তভাবে বিজয়ীকে ডোপ টেস্টে যোগ্য বিবেচিত হতে হবে। কোন বিজয়ী ডোপ টেস্টে অযোগ্য বিবেচিত হলে ক্যাটাগরির মেধাক্রমের শীর্ষ থেকে পরবর্তী বিজয়ী নির্বাচিত হবেন।

পাতা/২

CamScanner

১১. ঢাকা ওআইসি ইয়ুথ ক্যাপিটালের আওতায় "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড" এবং "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড"-২০২২ প্রাপ্ত কেউ এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

১২. ক্ষেত্র বিশেষে যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড বা উপযুক্ত কর্তৃপক্ষ পুরস্কারের পরিমাণ ও সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবে।

১৩. পুরস্কার প্রদানের বিষয়টি সম্পূর্ণ যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের এখতিয়ারভুক্ত হওয়ায় এ বিষয়ে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইটের (www.moysports.gov.bd) মেন্যু বারে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড"-২০২৩ নির্বাচন করে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহপূর্বক তা যথাযথভাবে পূরণ করে এসঙ্গে অনুচ্ছেদভিত্তিক চাহিত তথ্যাদি সংযুক্ত করে আবেদনের হার্ডকপি আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ ( ০১ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ) তারিখের মধ্যে অবশ্যই নির্ধারিত স্থানে (শর্তাবলীর ৩ ও ৪ নং অনুচ্ছেদ অনুযায়ী) সরাসরি দাখিল করতে হবে। উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর কোন আবেদন বিবেচিত হবে না।

৩। আবেদনের সাথে যথাযথ প্রমাণক ( সনদপত্র, প্রত্যায়ণপত্র, ছবি, ভিডিও, সিডি/পেনড্রাইভ ও অন্যান্য তথ্যাদি ) দাখিল করতে হবে।

৪। নির্ধারিত আবেদনের 'ছক' ব্যতিত অন্য কোন 'ছক'- এ আবেদন গ্রহণযোগ্য হবে না।

৫। ক্ষেত্রে বিশেষে এ বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণের (মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তাসহ) সহযোগিতা নেয়া যেতে পারে।

০১/১২/২০২২

ডা. মোঃ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন : ৯৫১৩৩০৯

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯১.০০১.২২-২৬৬

তারিখ : ১৬ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে নির্দেশনা প্রদানপূর্বক পত্রটি ই-মেইল বার্তায় সকলের নিকট প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ )।

২। যুগ্মসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক (সকল) [ নির্ধারিত ৩১/০১/২০২৩ খ্রি. হতে ১৯/০২/২০২৩ খ্রি. তারিখে মধ্যে জেলা কমিটির কার্যবিবরণীর আলোকে পুরস্কারের ক্যাটাগরিভিত্তিক মেধাক্রমের শীর্ষ ০৫ (পাঁচ) জন আবেদনকারীর তালিকা (আবেদন ও তথ্যাদিসহ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে বিশেষ বাহক মারফত প্রেরণের ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ ] ।

৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল) [ নির্ধারিত ১৬/০১/২০২৩ খ্রি. হতে ৩০/০১/২০২৩ খ্রি. তারিখে মধ্যে সকল প্রক্রিয়া শেষে প্রাপ্ত আবেদনপত্রসমূহ জেলা কমিটির সভাপতি হিসেবে জেলা প্রশাসক বরাবর প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৭। উপপরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয় ( তাঁকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো ) :

(১) এ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে তার অধীনস্থ সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে সার্বিক সহযোগিতা প্রদানসহ সার্বক্ষনিক তদারকির ব্যবস্থা গ্রহণ করা।

(২) উপজেলা কমিটি নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রক্রিয়া সম্পন্ন করে কার্যপরিধি অনুযায়ী জেলা কমিটি বরাবর আবেদনসমূহ প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা।

(৩) এ মন্ত্রণালয়ের ০১ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখের ৩৪.০০.০০০০.০৫১.৯১.০০১.২২-২৬৩ সংখ্যক পরিপত্র অনুযায়ী জেলা কমিটি ও উপজেলা কমিটির কর্মপরিধির আলোকে সকল প্রকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(৪) উপজেলা কমিটির নিকট হতে যথানিয়মে প্রাপ্ত আবেদনসমূহ নির্ধারিত ৩১ জানুয়ারি, ২০২৩ খ্রি. হতে ১৯ ফেব্রুয়ারি, ২০২৩খ্রি. তারিখের মধ্যে সকল প্রক্রিয়া সম্পন্ন করে (জেলা কমিটির সভাসহ) কার্যপরিধির আলোকে প্রস্তুতকৃত মেধাক্রমের পূর্ণাঙ্গ তালিকা, জেলা কমিটির মন্তব্য ও সুপারিশ সম্বলিত কার্যবিবরণী এবং পুরস্কারের প্রতিটি ক্যাটাগরীর বিপরীতে মেধাক্রমের শীর্ষ হতে সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন আবেদনকারীর তালিকা (আবেদন ও তথ্যাদিসহ) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বরাবর প্রেরণ নিশ্চিত করা ।

পাতা/৩

CamScanner

(৫) ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মহানগরীর ক্ষেত্রে প্রাপ্ত আবেদনসমূহ ছক-১ অনুযায়ী পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন, জেলা কমিটি কর্তৃক ছক-২ অনুযায়ী প্রতিটি আবেদনের মূল্যায়ন এবং ছক-৩ অনুযায়ী মেধাক্রমের তালিকা প্রণয়নপূর্বক একই নিয়মে পুরস্কারের প্রতিটি ক্যাটাগরীর বিপরীতে মেধাক্রমের শীর্ষ হতে সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন আবেদনকারীর তালিকা (আবেদন ও তথ্যাদিসহ) নির্ধারিত সময়ের মধ্যে যথানিময়মে এ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করা।

(৬) ছক-১, ছক-২ ও ছক-৩ এর সকল তথ্যাদি (সফট কপি) Nikosh ফন্ট-এ নির্ধারিত সময়ের মধ্যে ই-মেইলযোগে (sk.majumder11@gmail.com) প্রেরণ নিশ্চিত করা।

৮। সহকারী প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা ( ওয়েবসাইটে প্রকাশের জন্য )।

৯। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলা কার্যালয়/থানা ইউনিট কার্যালয় **( তাঁকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো ) :**

(১) পুরস্কারের ক্যাটাগরিভিত্তিক সকল আবেদন বিজ্ঞপ্তির শর্তাবলীর আলোকে যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষাপূর্বক ছক-১ অনুযায়ী পুর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করে নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা কমিটির সভায় উপস্থাপন এবং অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা ;

(২) এ মন্ত্রণালয়ের ০১ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখের ৩৪.০০.০০০০.০৫১.৯১.০০১.২২-২৬৩ সংখ্যক পরিপত্র অনুযায়ী উপজেলা কমিটির কার্যপরিধি যথাযথভাবে অনুসরণ করা ;

(৩) ছক-১ অনুযায়ী Nikosh ফন্ট-এ প্রস্তুতকৃত পুর্ণাঙ্গ তালিকার সফট কপি জেলা কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণ নিশ্চিত করা ;

(৪) নির্ধারিত ১৬ জানুয়ারি, ২০২৩ খ্রি. হতে ৩০ জানুয়ারি, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে উপজেলা পর্যায়ের সকল প্রক্রিয়া সম্পন্ন করে কার্যপরিধির আলোকে প্রস্তুতকৃত পূর্ণাঙ্গ তালিকা (সকল আবেদন ও তথ্যাদিসহ) এবং সভার সুপারিশ সম্বলিত কার্যবিবরণী উপজেলা কমিটির সভাপতির মাধ্যমে জেলা কমিটির সভাপতি বরাবর প্রেরণ নিশ্চিত করা ।

১০। অফিস কপি।

৩১/১২/২০২২
ডা. মোঃ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন : ৯৫১৩৩০৯

বি : দ্র : ১. উপজেলা কমিটির মাধ্যমে জেলা কমিটি বরাবর আবেদনসমূহ প্রেরণের সময়সীমা : **১৬ জানুয়ারি, ২০২৩ খ্রি. হতে ৩০ জানুয়ারি, ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত।**

২. জেলা কমিটির মাধ্যমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণের সময়সীমা : **৩১ জানুয়ারি, ২০২৩ খ্রি. হতে ১৯ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ।**

৩. সংযুক্তি :

(ক) আবেদনপত্রের তথ্যাদি প্রণয়ন সংক্রান্ত ছক-১
(খ) আবেদনপত্র মূল্যায়ন ছক-২
(গ) মেধাক্রমের শীর্ষ ০৫ (পাঁচ) জনের তালিকা প্রণয়ন সংক্রান্ত ছক-৩

CamScanner